

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

স্মারক নং- ১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.১২- ২৭০

তারিখ : ২৩-০৯-২০১৪ খ্রিঃ


বিষয় : পেঁয়াজ, রসুন, আদাসহ সকল প্রকার মশলা জাতীয় পণ্য চলাচল নিবিঘ্ন করণ।

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে পেঁয়াজ, রসুন, আদা, শুকনা মরিচ, গরম মশলা, জিরাসহ অন্যান্য বেশ কিছু মশলা ও পণ্যের চাহিদা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পায়। ইতোমধ্যে বাজারে উল্লিখিত মসলা গুলোর মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। কৃষি বিপণন অধিদপ্তর এ ধরনের পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে সদা সচেষ্ট। ফলে মসলা জাতীয় পণ্যসহ সকল প্রকার কৃষিপণ্যের বাজারদর স্থিতিশীল ও সহনীয় পর্যায়ে রাখার স্বার্থে পণ্য চলাচল নিবিঘ্ন রাখা এবং অবৈধ চাঁদাবাজি রোধকল্পে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। নতুবা পণ্যমূল্য ভোক্তা পর্যায়ে অস্বাভাবিক বৃদ্ধি পেতে পারে।

২। মসলা জাতীয়সহ সকল প্রকার কৃষি ও ভোগ্য পণ্যের চলাচল নিবিঘ্ন করার মাধ্যমে বাজারদর স্থিতিশীল রাখার ক্ষেত্রে আপনার সহযোগিতা আন্তরিকভাবে কাম্য।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত পণ্যের সরবরাহ নিবিঘ্ন রাখার মাধ্যমে বাজারদর স্থিতিশীল ও সহনীয় পর্যায়ে রাখার স্বার্থে সম্ভাব্য সকল স্থানে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এ ধরনের সহযোগিতা কৃষি বিপণন অধিদপ্তরের উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়ক হবে এবং এতে করে দেশের সকল শ্রেণীর মানুষ উপকৃত হবে বলে আশা করা যায়।

জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা বাজার উপদেষ্টা কমিটি
.....।


(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম-সচিব
ও
পরিচালক
ফোন : ৯১১৪৩১০
E-mail: director@dam.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
- ৩। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী